দৈনিক বাংলা

তারিখ 4/10/78
পৃষ্ঠা 4 কলাম 3

131

## নতুন পল্টন লাইন বিদ্যালয়ের নয়া ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন

নতুন পল্টন লাইন উচ্চ বিদ্যালয়ের একটি নতুন ভবনের ভিত্তি প্রস্তর গত ৩০শে সেপ্টেম্বর ঢাকার বিভাগীয় কমিশনার জনাব খানে আলম খান স্থাপন করেন।

এ উপলক্ষে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোহাম্মদ মজিবুল হকের সভাপতিত্বে আয়োজিত এক ছাত্র জনসভায় জনাব খান এই বিদ্যালয়কে ১ লাখ টাকা সাহায্য ও প্রয়োজন বোধে আরও সাহায্য দেয়ার প্রতিশ্রুতি ঘোষণা করেন। বক্তৃতা প্রসঙ্গে বিভাগীয় কমিশনার জানান, এ বছর সরকার ঢাকা বিভাগের ১৭টি উচ্চ বিদ্যালয় ও ৩৪টি প্রাথমিক বিদ্যালয় উন্নয়নের কাজ হাতে নিয়েছেন। এক প্রেস বিজ্ঞপ্তিতে এ খবর জানা গেছে।